**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

নম্বর ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭.২১-৬৬ তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২২

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির সভা আহ্বান।

আগামী ০৬/০২/২০২২ তারিখ রোজ রবিবার বেলা ১২.০০ ঘটিকায় চট্টগ্রামস্থ বিপিসি'র প্রধান কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অন্তর্ভুক্ত ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত একটি সভা বিপিসি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির আহবায়ক জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটি'র সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

০২/০২/২২
(মোঃ লাল হোসেন)
সচিব, বিপিসি

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) মহাব্যবস্থাপক (হিসাব/ পরিঃ ও উঃ), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) উপ-মহাব্যবস্থাপক (বণ্টন ও বিপণন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৪) ব্যবস্থাপক (এমআইএস), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৫) ব্যবস্থাপক (সা.ক.শা), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (১৫ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬) উপ-ব্যবস্থাপক (বণ্টন ও বিপণন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৭) একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৮) উপ-ব্যবস্থাপক(প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৯) পরিচালক (অর্থ) এর ব্যক্তিগত সহকারী, অর্থ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
১০) সচিব এর ব্যক্তিগত সহকারী, সাচিবিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
১১) অফিস কপি।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম সংশ্লিষ্ট বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি।
সভার তারিখঃ ১৩/০১/২০২২
সভার সময়ঃ বেলা ০৩.০০ ঘটিকা
স্থানঃ বিপিসি প্রধান কার্যালয়।
উপস্থিতিঃ সংযুক্ত।

সভার প্রারম্ভে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানানো হয়। কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে ২০২১-২২ অর্থবছরে কমিটি কর্তৃক অন্তত ৪ টি সভা আয়োজন করার বিষয়ে একমত পোষণ করে, এবং সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের সাপেক্ষে এই লক্ষ্যমাত্রা অর্জনে সর্বোচ্চ প্রয়াস গ্রহণ করার বিষয়ে আশাবাদ জ্ঞাপন করা হয়।

কমিটির সভাপতি সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট গৃহীত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত হন এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে আরও জোরদার উদ্যোগ গ্রহণের জন্য কমিটির সকলকে আহবান জানান। কমিটি উদ্ভাবণী ধারণা নির্ধারণ, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশনের ক্ষেত্রে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ পুনরায় পর্যালোচনা করে সার্বিক প্রেক্ষাপটে বিপিসি'তে পূর্ণ বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ নির্ধারণের বিষয়ে একমত পোষণ করে।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<u>সিদ্ধান্তঃ</u>

১. কমিটি ফেব্রুয়ারী হতে জুন পর্যন্ত প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহে একটি করে পর্যালোচনা সভা আয়োজন করবে।

২. কমিটি ২০২১-২২ অর্থবছরে একটি নতুন উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত বিপিসি'র অধীনস্থ বিপণন কোম্পানিসমূহের আওতাধীন সকল (২২৭১টি) ফিলিং স্টেশনসমূহের জিওগ্রাফিক্যাল লোকেশনের কো-অর্ডিনেট সংগ্রহ করে গুগল ম্যাপসে প্রকাশ করবে। এর মাধ্যমে দেশের জনসাধারণের নিকটস্থ ফিলিং স্টেশন খুজে পাওয়া আরও সহজতর হবে।

৩. ২০২১-২২ অর্থবছরে একটি সেবা সহজিকরণের নিমিত্ত কমিটি কর্তৃক নৌ-পথে জ্বালানি পরিবহনে নিয়োজিত ট্যাংকারসমূহকে বিপিসি হতে প্রদেয় লাইসেন্স নবায়নের কার্যক্রম সহজিকরণ করা হবে। এ সংক্রান্ত Service Process Simplification(SPS) এর অন্তর্ভুক্ত বিভিন্ন ধাপ যেমন (১) বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ (২) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ প্রণয়ন (৩) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা (৪) প্রস্তাবিত প্রসেস ম্যাপ প্রণয়ন এবং (৫) TVC (Time, Visit & Cost) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা; ইত্যাদি, বণ্টন ও বিপণন বিভাগের সহায়তায় সম্পাদন করে পরবর্তী সভায় দাখিল করতে হবে।

৪. সংস্থার অভ্যন্তরীণ সেবাকে সমৃদ্ধকরণ এবং সংস্থার সার্বিক কর্মদক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে ২০২১-২২ অর্থবছরে একটি সেবা ডিজিটাইজেশনের নিমিত্ত কমিটি কর্তৃক সংস্থার স্টোর/ভান্ডার ব্যবস্থাপনাকে সফটওয়্যারভিত্তিক ডিজিটাইজেশনের উদ্যোগ গ্রহণ করা হবে।

চলমান পাতা-২

৫. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বিপিসি'র বাজেটে বরাদ্দকৃত ১০ লক্ষ টাকার অন্তত ৮০% ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সিদ্ধান্ত ২, ৩ এবং ৪ বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিত করা হবে।

৬. সংস্থার এমআইএস বিভাগের সাথে সমন্বয়পূর্বক তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম নিয়মিত মনিটর করা হবে।

৭. ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

৮. ১৩.০১.২০২২ তারিখের মধ্যে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে।

৯. দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত দেশের অভ্যন্তরে এবং প্রতিবেশী দেশসমূহে বাস্তবায়িত উদ্যোগসমূহের সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির সদস্যদের পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০১/২০২২

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
পরিচালক (অর্থ), বিপিসি এবং
সভাপতি, বার্ষিক উদ্ভাবন
কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি

স্মারক: ২৮.০৬.০৮২০.০৮২.০১.০২৪.১৭.২১

<u>সদয় অবগতি এবং কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি।
২. মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ/হিসাব/বন্টন ও বিপঃ/ অর্থ/পরিঃ ও উন্নঃ), বিপিসি।
৩. উপ-মহাব্যবস্থাপক .................. (সকল)
৪. ব্যবস্থাপক/শাখা প্রধান ................ (সকল)
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৬. পরিচালক (অপাঃ ও পরি/বিপণন/অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিসি।
৭. সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি।
৮. অফিস কপি।

১৩/০১/২০২২

(কে, এম রিয়াজ রহমান)
উপ-ব্যবস্থাপক (প্রশাসন)

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

নম্বর ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭.২১

তারিখ: ১৩ জানুয়ারি, ২০২২

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন ই—গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১—২২ এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

সভাপতিঃ জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি
সভার স্থানঃ বিপিসি প্রধান কার্যালয়
সভার তারিখ ও সময়ঃ ১৩/০১/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৩.০০ ঘটিকা

উপস্থিতির তালিকা

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মোঃ লাল হোসেন<br>সচিব, বিপিসি | |
| ০২ | মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া<br>উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি | [signature] 13/01/2022 |
| ০৩ | এ টি এম সেলিম<br>মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি | [signature] ১৩.০১.2022 |
| ০৪ | প্রকৌশলী মোঃ শফিকুল ইসলাম<br>মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ), বিপিসি | [signature] 13/01/22 |
| ০৫ | এস, এম, জুবায়ের হাসান<br>ব্যবস্থাপক, এমআইএস, বিপিসি | [signature] ১৩/০১/2022. |
| ০৬ | কে এম রিয়াজ রহমান<br>উপ-ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি | [signature] ১৩/০১/2022 |
| ০৭ | | |